2022 Ontario Voting Guide – Bengali

অন্টারিওর প্রাদেশিক নির্বাচনে ভোট প্রদান করার জন্য প্রস্তুতি গ্রহণ করুন!

2 জুন তারিখে বা তার পূর্বেই আপনার X চিহ্নিত করুন।

যোগ্যতা

অন্টারিওর নির্বাচনে ভোট প্রদান করার জন্য, আপনাকে অবশ্যই:

- নির্বাচনের দিন 18 বছর বা তার বেশী বয়সী হতে হবে;
- একজন কানাডীয় নাগরিক হতে হবে; এবং
- অন্টারিওর একজন বাসিন্দা হতে হবে।

নিবন্ধন

eregistration.elections.on.ca -এ ভোটার তালিকায় 23 মে তারিখ পর্যন্ত আপনার তথ্য নিশ্চিত করুন, হালনাগাদ করুন বা যোগ করুন।

যদি আপনার নাম নিবন্ধন না করা হয়ে থাকে, তাও আপনি ভোট দিতে পারবেন। যখন আপনি ভোট দিতে যাবেন, সশরীরে আপনার তথ্য যোগ করুন।

ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড （Voter information card）

যদি আপনি ভোটার তালিকায় থাকেন, ভোট প্রদান করার জন্য কখন এবং কোথায় যেতে হবে সে সম্পর্কে একটি ভোটার তথ্য-সম্বলিত কার্ড আপনাকে ডাকযোগে প্রেরণ করা হবে। ভোটার তথ্য-সম্বলিত কার্ডসমূহ 13 মে তারিখে পৌঁছাতে শুরু করবে।



Voter Information Card
Carte d'information de l'électeur

Vote on Election Day — June 2, 2022, 9 AM to 9 PM (ET)
Vote on Election Day (FR) — 2 juin 2022, de 9 h à 21 h (HE)

Your voting location | Votre lieu de vote
*1234 NORTH WALSINGHAM - SOUTH
WALSINGHAM TOWNLINE RD
TORONTO ON M4P 0C6

Your electoral district | Votre circonscription électorale
LEEDS—GRENVILLE—THOUSAND ISLANDS
AND RIDEAU LAKES | LEEDS—GRENVILLE—
THOUSAND ISLANDS ET RIDEAU LAKES

Your registered address | Votre adresse inscrite
1234 NORTH WALSINGHAM - SOUTH
WALSINGHAM TOWNLINE RD
TORONTO ON M4P 0C5

Poll | Bureau de vote
#####

*Contact us about the accessibility of this location.
*Veuillez nous contacter pour toute question concernant l'accessibilité de ce lieu de vote.

Return address:
1234 NORTH
WALSINGHAM -
SOUTH WALSINGHAM
TOWNLINE RD
CITY ON E0E 0E0

CANADA POST / POSTES CANADA

859-3956-20011-559312

JONATHAN SAMPLE
1234 NORTH WALSINGHAM
- SOUTH WALSINGHAM
TOWNLINE RD
TORONTO ON M4P 0C5

যদি আপনি ভোটার তথ্য-সম্বলিত কার্ডটি না পেয়ে থাকেন, আপনি তাও ভোট দিতে পারবেন। আপনার নাম এবং বর্তমান আবাসিক ঠিকানা উভয় প্রদর্শন করা সহ একটি আইডি (ID) সঙ্গে আনুন।

আপনার নির্বাচনী এলাকায় (ইলেক্টোরাল ডিস্ট্রিক্ট) তারিখসমূহ এবং ভোট কেন্দ্রসমূহের একটি সম্পূর্ণ তালিকার জন্য, elections.on.ca -এ যান বা ইলেকশনস অন্টারিও অ্যাপটি (Elections Ontario app) ডাউনলোড করুন।

ভোট দেওয়ার জন্য আইডি

আপনার কি একটি ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড আছে?

হ্যাঁ-আপনার নাম প্রদর্শন করা একটি আইডি (ID) সঙ্গে আনুন
না-আপনার নাম এবং আবাসিক ঠিকানা প্রদর্শন করা একটি আইডি (ID) সঙ্গে আনুন

যখন আপনি ভোট দিতে যাবেন আপনি আপনার আইডির একটি ইলেক্ট্রোনিক কপি ব্যবহার করতে পারেন, যা মুদ্রণ (প্রিন্ট) করা যেতে পারে বা আপনার মোবাইল ডিভাইসে প্রদর্শন করা যেতে পারে।

ছবি সহ আইডির (ফটো আইডি) প্রয়োজন নেই। যখন আপনি ভোট দিতে যাবেন আপনাকে আপনার লিঙ্গ বা লিঙ্গীয় অভিব্যক্তি (জেন্ডার এক্সপ্রেশন) সম্পর্কে কোনো তথ্য প্রদান করার প্রয়োজন নেই।

গৃহীত আইডির উদাহরণসমূহের অন্তর্ভুক্ত:

- অন্টারিওর গাড়ির চালকের লাইসেন্স (ড্রাইভার'স লাইসেন্স)

- অন্টারিও ফটো কার্ড
- ক্রেডিট কার্ডের বিবরণ (ক্রেডিট কার্ড স্টেইটমেন্ট)
- পানি/বিদ্যুৎ/গ্যাস বিল (ইউটিলিটি বিল)
- আবাসিক বাড়ি ভাড়ার চুক্তিপত্র (রেসিডেন্সিয়াল লীজ)
- শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক নথি (স্টুডেন্ট ট্রান্সক্রিপ্ট)

সশরীরে ভোট দেওয়ার জন্য গৃহীত আইডির তালিকা elections.on.ca/id-requirements -এ সন্ধান করুন।

আসুন আমাদের জন্য কাজ করুন

এই নির্বাচনে কাজ করার জন্য আবেদন করুন!

যদি আপনার বয়স 16 বছর বা তার বেশী হয়, অগ্রিম ভোট প্রদানের সময় বা নির্বাচনের দিন আপনি একজন নির্বাচনী কর্মকর্তা (ইলেকশন অফিসার) হিসেবে কাজ করার জন্য আবেদন করতে পারেন। নির্বাচনে কাজ করার মাধ্যমে, আপনি সবার জন্য ভোট প্রদান সহজ করতে সাহায্য করছেন।

সব পদসমূহের জন্যই পারিশ্রমিক প্রদান করা হয়, এবং কর্মচারীগণকে নিরাপদ রাখার জন্য অতিরিক্ত স্বাস্থ্য বিধিসমূহের ব্যবস্থা রয়েছে।

আরো তথ্যের জন্য, jobs.elections.on.ca -এ যান।

ইলেকশনস অন্টারিও অ্যাপ (Elections Ontario app)

আমাদের নতুন মোবাইল অ্যাপ-এ ব্যক্তিগতকৃত নির্বাচন সংক্রান্ত তথ্য অধিগত করুন!

ইলেকশনস অন্টারিও অ্যাপটি ডাউনলোড করুন এবং নিম্নলিখিত বিষয়সমূহ অধিগমন করার জন্য একটি একাউন্ট খুলুন:

- আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ডের একটি স্ক্যানযোগ্য সংস্করণ (স্ক্যান্যাবল ভার্সন)
- আপনার ভোট কেন্দ্রসমূহ এবং তারিখসমূহের একটি সম্পূর্ণ তালিকা
- ব্যক্তিগতকৃত নির্বাচন সংক্রান্ত প্রজ্ঞাপনসমূহ

- আপনার নির্বাচনী এলাকার প্রার্থীগণের তালিকা

যথাসময়ের পূর্বেই ভোট দিন

- ডাকযোগের মাধ্যমে
    - votebymail.elections.on.ca -এ ডাকযোগের মাধ্যমে বা elections.on.ca -এ আবেদনপত্রটি ডাউনলোড করে মূদ্রণ করার মাধ্যমে ভোট প্রদান করার জন্য আবেদন করুন।
    - ইলেকশনস অন্টারিওকে (Elections Ontario) আপনার আবেদনপত্রটি 27 মে তারিখ সন্ধ্যা 6টার (ইস্টার্ন টাইম) মধ্যে অবশ্যই পেতে হবে
    - ইলেকশনস অন্টারিওকে গণনা করার জন্য আপনার সম্পন্নকৃত ভোটের সরঞ্জামটি (কিট) 2 জুন তারিখ সন্ধ্যা 6টার (ইস্টার্ন টাইম) মধ্যে অবশ্যই পেতে হবে
    - ডাকযোগে ভোট প্রদান করার জন্য আপনার একটি ভিন্ন আইডির প্রয়োজন। elections.on.ca/id-requirements -এ আরো জানুন
- আপনার রিটার্নিং অফিসে (ভোটের কার্যালয়)
    - আপনার রিটার্নিং অফিস হচ্ছে আপনার নির্বাচনী এলাকার স্থানীয় নির্বাচনী কার্যালয়টি (লোকাল ইলেকশন অফিস)
    - আপনার রিটার্নিং অফিসে 5 মে তারিখ থেকে 1 জুন সন্ধ্যা 6টা (ইস্টার্ন টাইম) পর্যন্ত সশরীরে ভোট প্রদান করুন।
    - আপনার রিটার্নিং অফিসটি আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড বা voterinformationservice.elections.on.ca -এ সন্ধান করুন।
- অগ্রিম ভোট প্রদান করার সময়
    - আপনার নির্বাচনী এলাকায় যেকোনো অগ্রিম ভোট কেন্দ্রে 19 মে তারিখ থেকে 28 মে তারিখ পর্যন্ত সকাল 10টা থেকে রাত 8টা পর্যন্ত (ইস্টার্ন টাইম) ভোট প্রদান করুন।
    - voterinformationservice.elections.on.ca -এ ভোট কেন্দ্রসমূহ এবং তারিখসমূহের একটি সম্পূর্ণ তালিকা সন্ধান করুন।

নির্বাচনের দিন ভোট প্রদান করা

- আপনার জন্য নির্ধারিত ভোট কেন্দ্রে 2 জুন তারিখে সকাল 9টা থেকে রাত 9টা (ইস্টার্ন টাইম) পর্যন্ত ভোট প্রদান করুন।
- আপনার জন্য নির্ধারিত ভোট কেন্দ্রটি আপনার ভোটাদাতার তথ্য-সম্বলিত কার্ড, ইলেকশনস অন্টারিও অ্যাপ বা voterinformationservice.elections.on.ca -এ সন্ধান করুন।

অভিগম্যতা (অ্যাক্সেসিবিলিটি)

এখানে আপনার জন্য অধিগম্য কিছু সরঞ্জাম এবং পরিষেবাসমূহ উপলভ্য রয়েছে।

আপনার রিটার্নিং অফিসে:

- 21 মে তারিখ থেকে 1 জুন তারিখ পর্যন্ত বা নির্বাচনের দিন সময়সূচি নির্ধারণ করার (অ্যাপয়েন্টমেন্ট) দ্বারা ভোট প্রদানের জন্য একটি সহায়তামূলক প্রযুক্তি ব্যবহার করুন
- বাড়িতে সাক্ষাত বা আপনার ভোট কেন্দ্রে অধিগম্য কার্বসাইডে ভোট প্রদান করার অনুরোধ করে আপনার রিটার্নিং অফিসে টেলিফোন করুন।
- নির্বাচন দিনের পূর্বে এমন একটি ভোট কেন্দ্রে স্থানান্তর বা ট্র্যান্সফারের জন্য অনুরোধ করুন যেটি আপনার অধিগম্যতা সংক্রান্ত প্রয়োজনসমূহ আরো ভালোভাবে পূরণ করবে

আপনার ভোট কেন্দ্রে:

- একজন আমেরিকান সাংকেতিক ভাষার দোভাষী (আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার) বা হস্তক্ষেপকারীর (ইন্টারভেনর) ব্যবস্থা করুন এবং আমরা তার ব্যয়ভার বহন করবো।
- একটি অধিগম্যতার যন্ত্র হিসেবে আপনার মোবাইল ডিভাসটি ব্যবহার করুন
- একটি ম্যাগনিফায়ার (বিবর্ধন যন্ত্র) বা ব্রেইল ব্যালট বিন্যাসের জন্য অনুরোধ করুন
- সহায়তা করার জন্য একজন বন্ধু, সহায়তাকারী ব্যক্তি বা সেবা প্রদানকারী প্রাণী সঙ্গে আনুন
- elections.on.ca -তে 30টির চেয়ে বেশী ভাষায় ভোট প্রদান সংক্রান্ত নির্দেশনাবলী এবং তথ্য অধিগত করুন

সকল ভোট কেন্দ্রসমূহকে ইলেকশনস অন্টারিওর সাইট অ্যাক্সেসিবিলিটি স্ট্যান্ডার্ডস (Site Accessibility Standards) অবশ্যই পূরণ করতে হবে, যেক্ষেত্রে সম্ভব।

অনুরোধ সাপেক্ষে, বিকল্প বিন্যাসমূহে ভোট সম্পর্কে তথ্য উপলভ্য।

আপনার ভোট কেন্দ্র এবং অন্যান্য পরিষেবাসমূহের অধিগম্যতা সম্পর্কে আরো তথ্যের জন্য, elections.on.ca/accessible-voting -এ যান।

কোভিড-19

ভোটদাতাগণ এবং আমাদের কর্মচারীগণের জন্য ভোট প্রদান নিরাপদ রাখতে আমরা অফিস অব দি চীফ মেডিকেল অফিসার অব হেলথের (Office of the Chief Medical Officer of Health) সাথে কাজ করছি। প্রাদেশিক কোভিড-19 বিধিসমহূ ছাড়াও, পাবলিক হেলথ ইউনিটসমূহ এবং পৌরসভাসমূহ (মিউনিসিপ্যালিটিস) তাদের অঞ্চলসমূহে অন্যান্য কোভিড-19 সংক্রান্ত স্বাস্থ্য বিধিসমূহ স্থাপন করতে পারে।

যখন আপনি ভোট দিতে যাবেন, আপনি দেখবেন যে আমরা ঐ সময়ে সেরা তথ্যের উপর ভিত্তি করেই বিধিসমূহের ব্যবস্থা গ্রহণ করেছি-এটি মাস্কসমূহ, শারীরিক দূরত্ব, হাতের পরিস্কারের জন্য জীবাণুনাশক বা হ্যান্ড স্যানিটাইজার, এবং প্লেক্সিগ্লাস আত্মরক্ষামূলক প্রতিবন্ধকসমূহ (প্লেক্সিগ্লাস ব্যারিয়ারস) অন্তর্ভুক্ত করতে পারে।

আমাদের সাথে যোগাযোগ করুন

- ওয়েবসাইট: elections.on.ca
- টেলিফোন: 1.888.668.8683
- টিটিওয়াই (TTY): 1.888.292.2312
- ইমেইল: info@elections.on.ca
- টুইটার (Twitter): @ElectionsON
- ফেইসবুক (Facebook): ইলেকশনসওএন (ElectionsON)
- ইনস্ট্রাগ্রাম (Instagram): @electionson